

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৭৮

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২৬

**১০ জানুয়ারি পর্যন্ত ECINet উন্নত করার জন্য  
নাগরিকদের কাছ থেকে প্রস্তাব আহ্বান করেছে ইসিআই**

ভারতীয় নির্বাচন কমিশন (ইসিআই) সকল নাগরিককে ECINet অ্যাপ ডাউনলোড করে অ্যাপের ‘Submit a Suggestion’ ট্যাবের মাধ্যমে অ্যাপটি আরও উন্নত করার জন্য তাঁদের মতামত ও প্রস্তাব জমা দেওয়ার জন্য আহ্বান জানিয়েছে। নাগরিকরা ১০ জানুয়ারি, ২০২৬ পর্যন্ত তাঁদের প্রস্তাব দিতে পারবেন।

নতুন ECINet অ্যাপের ট্রায়াল সংস্করণে উন্নত ভোটার পরিষেবা, ভোটগ্রহণের শতাংশের প্রবণতা দ্রুত উপলব্ধ হওয়া এবং ভোটগ্রহণ শেষ হওয়ার ৭২ ঘণ্টার মধ্যে ইনডেক্স কার্ড প্রকাশের সুবিধা রয়েছে- যে প্রক্রিয়াটি আগে সম্পন্ন করতে কয়েক সপ্তাহ বা মাস সময় লাগত। এই অ্যাপটি ২০২৫ সালের বিহার বিধানসভা নির্বাচন ও উপনির্বাচনে সফলভাবে পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হয়েছে।

সিইও, ডিইও, ইআরও, পর্যবেক্ষক এবং মাঠপর্যায়ের কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে প্ল্যাটফর্মটি ধারাবাহিকভাবে উন্নত ও পরিমার্জিত করা হচ্ছে। ব্যবহারকারীদের প্রস্তাবসমূহ পর্যালোচনা করা হবে এবং প্ল্যাটফর্মটিকে আরও ব্যবহারবান্ধব করতে পরবর্তী সময়ে update করা হবে। ECINet প্ল্যাটফর্মটি চলতি মাসেই আনুষ্ঠানিকভাবে চালু করা হবে।

প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে এবং নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্দু ও ড. বিবেক যোশির সঙ্গে একযোগে গৃহীত কমিশনের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির একটি হলো ECINet। ২০২৫ সালের ৪ মে এই উদ্যোগের ঘোষণা দেওয়ার পরই ECINet অ্যাপের উন্নয়ন কাজ শুরু হয়।

ECINet অ্যাপটি নাগরিকদের জন্য একটি একক ও সমন্বিত অ্যাপ, যেখানে পূর্ববর্তী ৪০টি পৃথক নির্বাচন-সম্পর্কিত অ্যাপ/ওয়েবসাইট- যেমন ভোটার হেল্পলাইন অ্যাপ (VHA), cVIGIL, সক্ষম, পোলিং ট্রেন্ডস (ভোটার টার্নআউট অ্যাপ), Know Your Candidate (KYC) (KYC) অ্যাপ ইত্যাদি- একটি ইন্টারফেসে সংযুক্ত করা হয়েছে। এই অ্যাপটি গুগল প্লে স্টোর এবং অ্যাপল অ্যাপ স্টোর- উভয় স্থান থেকেই ডাউনলোড করা যাবে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*